



BANGLADESH GARMENTS ACCESSORIES & PACKAGING MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION [BGAPMEA]

বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)

নং-বিজিএপিএমইএ/প্রশাসন/নির্বাচন-২০২৩-২৫/২০২৩/৩৭৩

তারিখঃ ০৫-০৯-২০২৩ইং

বিজিএপিএমইএ পরিচালনা পরিষদের ২০২৩-২০২৫ মেয়াদের নির্বাচন

বিজিএপিএমইএ পরিচালনা পরিষদের ২০২৩-২০২৫ মেয়াদের নির্বাচনের
নির্বাচনী বিজ্ঞপ্তির ও নির্বাচনী তফসিলের আংশিক সংশোধনী বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিজিএপিএমইএ নির্বাচনী বোর্ড ২০২৩-২০২৫ কর্তৃক ২০ আগস্ট, ২০২৩ তারিখে বিজিএপিএমইএ নির্বাচন ২০২৩/১নং নির্বাচনী বিজ্ঞপ্তিতে ও নির্বাচনী তফসিলে নিম্নরূপে সংশোধন করেছেঃ

নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলীতেঃ

- ১নং অনুচ্ছেদে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ঃ
(প্রতিটি ডকুমেন্টস ২ কপি করে লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে পরিচালকমন্ডলীর যে কোন একজন সদস্য/কোম্পানী সচিব, পার্টনারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে পার্টনারদের মধ্যে যে কোন একজন এবং প্রোপ্রাইটরশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রোপ্রাইটর কর্তৃক সত্যায়ন করে জমা দান করতে হবে এবং জমাদানের সময় মিলিয়ে দেখার জন্য মূল কপি সাথে আনতে হবে);
- ১(খ)নং অনুচ্ছেদে সংশ্লিষ্ট আয়কর সার্কেল হতে প্রদত্ত আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকার পত্র/প্রত্যয়ন পত্রের কপি;
- ১নং অনুচ্ছেদের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে;
- ৪নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপিত হবেঃ
৪। পরিচালনা পরিষদের নির্বাচনে প্রার্থী হতে হলে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করতে হবেঃ
 - (ক) ভোটার তালিকায় নাম থাকতে হবে;
 - (খ) ঋণখেলাপী নয় মর্মে লিগেন ব্যাংকের প্রত্যয়ন পত্র থাকতে হবে;
 - (গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে;
 - (ঘ) হালনাগাদ ইনকাম ট্যাক্স রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র/ প্রত্যয়ন পত্র থাকতে হবে;
 - (ঙ) হালনাগাদ ভ্যাট রিটার্ন দাখিলের দাখিল পত্র/ প্রত্যয়ন পত্র থাকতে হবে;
 - (চ) 'ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হয়ে কারাদণ্ডে দণ্ডিত হননি এবং দণ্ডিত হয়ে থাকলে মুক্তি লাভের পর পাঁচ বছর অতিবাহিত হয়েছে' মর্মে প্রার্থীর স্থায়ী ঠিকানা সংশ্লিষ্ট পুলিশের প্রত্যয়ন পত্রের কপি থাকতে হবে;
 - (ছ) (১) লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে পরিচালক মন্ডলীর সদস্য (চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক) এবং তাঁর স্বপক্ষে ০৭-১১-২০২২ হতে ১৯-০৯-২০২৩ তারিখের মধ্যবর্তী সময়ে অনুষ্ঠিত পরিচালনা পরিষদের সভার স্বাক্ষরিত কার্যবিবরণীর থাকতে হবে; (২) পার্টনারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে পার্টনার এবং তাঁর স্বপক্ষে ০৭-১১-২০২২ হতে ১৯-০৯-২০২৩ তারিখের মধ্যবর্তী সময়ে অনুষ্ঠিত পার্টনারদের সভার স্বাক্ষরিত কার্যবিবরণীর কপি থাকতে হবে; এবং (৩) প্রোপ্রাইটরশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রোপ্রাইটর হিসেবে উল্লেখিত হয়ে ট্রেড লাইসেন্সের কপি থাকতে হবে।

নির্বাচনী তফসিলেঃ

- নির্বাচনী তফসিলের ১নং ক্রমিকে এবং ৬নং ক্রমিকে বর্ণিত যথাক্রমে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি ও মনোনয়ন পত্র সংগ্রহ ও দাখিলের ক্ষেত্রে সংশোধিত নির্বাচনী বিজ্ঞপ্তির ১ ও ৪ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত/সংশোধিত হিসেবে গণ্য হবে।
- নির্বাচনী তফসিলের ৬নং ক্রমিকের বিবরণের কলামে 'নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলীর ৫নং ক্রমিকের পরিবর্তে ৪নং ক্রমিকে মর্মে প্রতিস্থাপিত হবে।

নির্বাচনী বোর্ডের অনুমোদনক্রমে জারী করা হলো।

ধন্যবাদান্তে,
আপনার বিশ্বস্ত,

(করীমদাস জোদার)

সদস্য সচিব, নির্বাচনী বোর্ড

বিজিএপিএমইএ নির্বাচন ২০২৩-২০২৫।

Belkuchi House, 273/3, West Manikdi (3rd Fl), ECB Chatter-Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka.
Mobile : 01712 988 982, Email : bgapmea@gmail.com, info@bgapmea.org. Web : www.bgapmea.org

Regional Office: Yaha Tower (4th Fl), 335 CDA Avenue, MM All Road, Lailohan Bazar, Chattogram. Email: bgapmeactregion@gmail.com